



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

০৬ ডিসেম্বর, ২০২৩

তারিখ:-----

২১ অক্টোবর, ১৪৩০

পিএসডি সার্কুলার নং - ১৩/২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল এমএফএস প্রোভাইডার প্রতিষ্ঠান ও তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

এমএফএস হিসাবে বৈধ উপায়ে প্রেরিত রেমিটেন্সের সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

ব্যাংকিং চ্যানেলে আগত রেমিটেন্স মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) হিসাবের মাধ্যমে বিতরণের ক্ষেত্রে আপনাদেরকে নিম্নরূপ পরামর্শ প্রদান করা যাচ্ছে-

০১। ব্যাংকিং চ্যানেলে আগত রেমিটেন্সের অর্থ সুবিধাভোগীর এমএফএস হিসাবে সরাসরি বিতরণের ক্ষেত্রে সর্বোচ্চ ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (নগদ প্রণোদনার অর্থ ব্যতীত) ব্যাংক কর্তৃক সরাসরি সুবিধাভোগীর এমএফএস হিসাবে প্রদান করা যাবে;

০২। রেমিটেন্স গ্রহণের ফলে কোন বেনিফিশিয়ারি হিসাবের স্থিতি ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা অতিক্রম করলে উক্ত হিসাবের স্থিতি পুনরায় ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকার মধ্যে না আসা পর্যন্ত ঐ হিসাবে নতুন করে কোনো ক্যাশ ইন/অ্যাড মানি করা যাবে না;

০৩। রেমিটেন্স এর খাত ব্যতীত এমএফএস এর অন্যান্য সকল লেনদেনের ক্ষেত্রে এ বিভাগের ২৫/০৪/২০২২ তারিখের পিএসডি সার্কুলার নং -০৬/২০২২ এর নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিত করতে হবে;

০৪। ইতঃপূর্বে জারিকৃত ০২/১২/২০১৯ তারিখের পিএসডি সার্কুলার নং- ০৬/২০১৯ এ সার্কুলার দ্বারা রহিত করা হলো।

বর্ণিত নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোতাছিম বিল্লাহ)

পরিচালক (পিএসডি)

ফোন: ০২-৯৫৩০১৭৪